গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

## ২০১৯-২০২০ অর্থববছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃবিঃওঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ১২ ফেব্রুয়ারি ২০২০খ্রিঃ; বেলা ১৫.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভায় অবহিত হয় যে, নভেম্বর ২০১৯ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ টিমের সকল সদস্যকে ই-মেইলে প্রেরণ/অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামোর (২০১৯-২০২০) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন | যথাসময়ে প্রণীত হয়েছে। | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে; | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২ | ইনোভেশন টিমের সভা | যথা নিয়মে সভা অনুষ্ঠিত হচ্ছে। এটি চলতি অর্থবছরের ৪র্থ সভা। | আগামী ২টি সভায় পূর্ব পরিকল্পনা মাফিক উদ্ভাবকদের উপস্থিতিসহ তাদের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে হবে; | টিমের সংশ্লিষ্ট সদস্যগণ |
| ৩ | ইনোভেশন খাতে বরাদ্দ | সদস্য-সচিব জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়ণের জন্য বাজেট সংশোধনপূর্বক সর্বমোট ৮,১৮,২৫০/- (আট লক্ষ আঠার হাজার দুইশত পঞ্চাশ) টাকার বিভাজন অর্থশাখায় পাঠানো হয়েছে। | অর্থ শাখার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সদস্য সচিব |
| ৪ | সক্ষমতা বৃদ্ধি | ক) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা।<br>খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।<br>গ) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়। | আগামী মার্চ/২০২০ মাসের মধ্যে ০২টি প্রশিক্ষণ সম্পন্ন করণে দায়িত্বপ্রাপ্তগণ উদ্যোগী হবেন; | ক) জনাব এ,কে,এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)<br><br>খ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (চঃদাঃ)<br>(পরিকল্পনা)<br><br>গ) জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ)<br>(প্রকাশনা ও আত্মকর্ম) |
| ৫ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | সদস্য-সচিব জানান যে, উদ্ভাবনী ধারণা সঠিকভাবে প্রেরণের লক্ষ্যে গাইড লাইন দিয়ে মাঠ পর্যায়ে যে পত্র দেয়া হয়েছিল তৎপ্রেক্ষিতে গাজীপুর জেলা, সাতক্ষীরার তালা, বরিশাল জেলা, নড়াইল সদর, কুড়িগ্রামের নাগেশ্বরী, ময়মনসিংহের ফুলবাড়ীয়া ও ঈশ্বরগঞ্জ, বান্দরবান জেলা, ভোলা জেলা, নড়াইলের লোহাগড়া, সিরাজগঞ্জ সদর ও কাজিপুর, মুন্সীগঞ্জ জেলা, বরগুনার আমতলী, বামনা ও তালতলী, রাজবাড়ীর আলাদিপুর, কুমিল্লার বুড়িচং, লালমাই ও | উদ্ভাবনী ধারণা প্রেরণকারীগণকে সভায় তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। প্রাপ্ত ধারনাগুলো ইনোভেশন টিমের সদস্যগণ যাচাই-বাছাই করে আগামী ০৩ কর্মদিবসের মধ্যে উদ্ভাবনী ধারণার সাথে হয় কিনা তারপক্ষ সঠিকতা নিরুপন করবেন। | ক) জনাব এ,কে,এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)<br><br>খ) জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ)<br>(প্রকাশনা ও আত্মকর্ম)<br><br>গ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (চঃদাঃ)<br>(পরিকল্পনা) |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মনোহরগঞ্জ, খুলনার কয়রা, চুয়াডাঙ্গার জীবননগর, রাজশাহীর তানোর ও দুর্গাপুর, ঢাকা জেলার দোহার, জামালপুরের বকশীগঞ্জ ও সরিষাবাড়ী, মেহেরপুর, বাগেরহাট সদর ও বরগুনা জেলা হতে মোট ৭০টি উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে। | | ঘ) জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) |
| ৬ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন ও পরিবীক্ষণ | পাইলটিং বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে ২য় ধাপে ১০ জন এবং ৩য় ধাপে ১০ জন করে মোট ২০ জন ইনোভেটরকে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। | আগামী সভায় ১০ জন ইনোভেটরকে আমন্ত্রণ জানাতে হবে। | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) |
| ৭ | ইনোভেশন শোকেসিং | কর্মপরিকল্পনায় ১টি শো-কেসিং আয়োজনের কথা রয়েছে। মার্চ/২০ মাসের মধ্যে সম্মানিত মেন্টরগণ চলমান উদ্ভাবনী উদ্যোগগুলো মূল্যায়ন করে শো-কেসিং করার জন্য প্রস্তাব করার বিষয়ে আলোচনা হয়। | মেন্টরগণ কর্তৃক দ্রুত উদ্যোগ পরিদর্শন করে এপ্রিল/২০২০ মাসের ২য় সপ্তাহে শো-কেসিং আয়োজন করতে হবে; | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ)<br><br>জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ)<br><br>জনাব শাহীনুর রহমান,<br>সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ) |
| ৮ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | "বেকারমুক্ত গ্রাম সৃজন" জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ০১টি করে গ্রামে) বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | এ লক্ষ্যে প্রণীত ডি পি পি পরিকল্পনা কমিশনে পাঠানো হয়েছে মর্মে জানা যায়; | |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | সদস্য-সচিব জানান যে, স্বীকৃতি প্রদানের লক্ষ্যে গত অর্থবছরে ০৬টি আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনগুলো ০৩টি টিমের মাধ্যমে সরেজমিনে যাচাই-বাছাই করা হয়েছে। ০২টি টিমের প্রতিবেদন পাওয়া গেছে। ০১টি টিমের প্রতিবেদন এখনও পাওয়া যায় নাই। | সম্মাননা প্রদান অনুষ্ঠান আগামী এপ্রিল/২০২০ মাসের প্রথম সপ্তাহে করতে হবে। | জনাব মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা)<br><br>জনাব শাহীনুর রহমান,<br>সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ) |
| ১০ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদকরণ।<br>১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/হালনাগাদকরণ।<br>১০.৩ বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদকরণ। | ১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে;<br>১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে;<br>১০.৩ বাস্তবায়িত ডিজিটাল সেবার তথ্য আপলোড/হালনাগাদ করা হয়েছে; | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) |
| ১১ | ডিজিটাল সেবা তৈরি | ১১.১ কর্মপরিকল্পনায় ১টি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের নির্দেশনা রয়েছে।<br><br>১১.২ সদস্য-সচিব জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন সকল দপ্তর/সংস্থার সেবা সমূহ কমন প্লাটফর্মে ডিজিটালাইজ (অনলাইন সিস্টেম) করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের ক) ক্ষুদ্র ঋণ ম্যানেজমেন্ট সিস্টেম খ) প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সিস্টেম গ) যুব সংগঠন রেজিস্ট্রেশন সিস্টেম ঘ) গ্রান্ট ম্যানেজমেন্ট সিস্টেম ঙ) এওয়ার্ড ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুতের জন্য EOI আহবান প্রক্রিয়াধীন রয়েছে। | ১১.১ কাজেই কর্মপরিকল্পনা মাফিক নতুন করে ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের সুযোগ সীমিত;<br><br>১১.২ ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব ২০১৯ এর মাধ্যমে সমন্বিত ডিজিটালাইজ অনলাইন সিস্টেম সমূহ চালু না হওয়া পর্যন্ত বর্তমানে বাস্তবায়িত সেবাসমূহ যথারীতি ব্যবহার করতে হবে; | ১) জনাব ফরহাত নূর<br>উপপরিচালক (প্রশিক্ষণ-২)<br><br>২) জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম<br>সহকারী পরিচালক<br>(প্রশিক্ষণ ম্যানেজমেন্ট সিস্টেম)<br><br>৩) জনাব মোঃ হামিদুর রহমান<br>উপ-পরিচালক (প্রকাশনা ও আত্মকর্ম)<br>(ঋণের ই-সার্ভিস)<br><br>৪) জনাব মোঃ আতিকুর রহমান<br>উপপরিচালক (বাস্তবায়ন)<br>(সুসংগঠন রেজিস্ট্রেশন)<br><br>৫) জনাব শাহীনুর রহমান,<br>সহকারী পরিচালক<br>(দাঃবিঃও ঋণ)<br>(ক্ষুদ্রঋণ ম্যানেজমেন্ট |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | | সিস্টেম) |
| ১২ | সেবা সহজিকরণ | এটুআই এর সহযোগিতায় ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব ২০১৯ এর মাধ্যমে অত্র অধিদপ্তরের যে সকল সেবা সমূহ ডিজিটালাইজ (অনলাইন সিস্টেম) করার কাজ শুরু হয়েছে সেগুলি ই-সার্ভিসের আওতায় থাকবে। কিন্তু বর্তমানে চলমান কার্যক্রমের কোন একটিকে T.C.V এর ভিত্তিতে ধাপ কমিয়ে সহজিকরণের ব্যবস্থা নেয়া। | চলতি বছরের জন্য একটি নতুন সেবা চিহ্নিত করে সহজীকরণের আওতায় আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা নেয়া এবং আগামী সভার পূর্বে ১টি সেবাকে চিহ্নিত করতে এস,পি,এস টিমকে অনুরোধ জানানো হয়; | জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ) ও আহবায়ক এস,পি,এস টিম। |
| ১৩ | সোস্যাল মিডিয়ার ব্যবহার | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) বলেন যে, চলতি মাসে উল্লেখযোগ্য কোন প্রকার অভিযোগ বা জিজ্ঞাসা পাওয়া যায় নাই। | সোস্যাল মিডিয়ায় সজাগ দৃষ্টি রাখতে হবে যাতে কোন জিজ্ঞাসা বা অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা যায়; | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ১৪ | ডকুমেন্টেশন প্রকাশনা | ১৪.১ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত)। | ১৪.১ বাস্তবায়িত ১টি উদ্ভাবনী সেবার ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশের ব্যবস্থা নিতে হবে; | ১। জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন)<br>২। জনাব খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক |
| | | ১৪.২ সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা। | ১৪.২ সহজিকরণের ডকুমেন্টেশন ও প্রকাশনা তৈরী করতে হবে; | ১। জনাব মোঃ হামিদুর রহমান উপ-পরিচালক (প্রকাশনা ও আত্মকর্ম)<br>২। জনাব শাহীনূর রহমান, সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ) |

কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ কার্যাদি প্রতিপালনে আন্তরিক হবেন, সভাপতি এই আশাবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৪/০২/২০২০

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৬১.১৬- ০৫

তারিখঃ ২৪/০২/২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

২৪/০২/২০২০

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

১২/০২/২০২০খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ,কে,এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) | স্বাক্ষরিত |
| ২. | জনাব মোঃ আতিকুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ) (প্রকাশনা ও আত্মকর্ম) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব মোঃ ফজলুল হক<br>সহকারী পরিচালক (হিসাবরক্ষণ কর্মকর্তা) | স্বাক্ষরিত |
| ৭. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ জিয়াউর রহমান<br>প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) (কো-অপ্টসদস্য) | স্বাক্ষরিত |